## বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের অনুদানের চেক হস্তান্তর

বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান-সমূহের (স্কুল, কলেজ ও মাদ্রাসা) ১৯৮৪-৮৫ অর্থ বছরের প্রথম কিস্তির (জুন-জুলাই-আগষ্ট) সরকারী অনুদান বাবদ সর্বমোট ৩০ কোটি ৫ লক্ষ ৯০ হাজার ১ শত ৮৭ টাকার চেক গত শনিবার মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পরিদপ্তর হইতে সোনালী, রূপালী, অগ্রণী ও জনতা ব্যাংকে হস্তান্তর করা হইয়াছে। বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহে অনুদান প্রদানের দায়িত্ব রাজশাহী বিভাগের জন্য সোনালী ব্যাংক, খুলনা বিভাগের জন্য রূপালী ব্যাংক, ঢাকা বিভাগের জন্য অগ্রণী ব্যাংক এবং চট্টগ্রাম বিভাগের জন্য জনতা ব্যাংকের উপর ন্যস্ত করা হইয়াছে। এই সকল প্রতিষ্ঠানের শিক্ষক ও অন্যান্য কর্মচারী আসন্ন ইদ-উল-আজহার পূর্বে যাহাতে সরকার অনুদান পাইতে পারেন, তাহা নিশ্চিত করার জন্য আগামী ৪ঠা সেপ্টেম্বরের মধ্যে উহার বণ্টন কাজ সম্পন্ন করিতে বলা হইয়াছে। শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণকে সংশ্লিষ্ট ব্যাংকের নিকটবর্তী শাখায় যোগাযোগ করিতে বলা হইয়াছে। তথ্য বিবরণী।



## গার্হস্থ্য বিজ্ঞানে রিনি প্রথম

( ইত্তেফাক রিপোর্ট )

রীনাত ফওজিয়া (রিনি) এবারের এইচ, এস-সি, পরীক্ষায় গার্হস্থ্য অর্থনীতি বিভাগে ঢাকা বোর্ডে প্রথম স্থান অধিকার করিয়াছে। ১৯৮২ সালের এস, এস, সি, পরীক্ষায়ও সে ঢাকা বোর্ডে গার্হস্থ অর্থনীতিতে প্রথম স্থান অধিকার করিয়াছিল। রিনি রেডিও বাংলাদেশ কমার্শিয়েল সার্ভিসের পরিচালক জনাব মোবারক হোসেন খান এবং বিশিষ্ট সঙ্গীত শিল্পী ও টি এণ্ড টি কলেজের অধ্যাপিকা মিসেস ফওজিয়া খানের একমাত্র কন্যা। পুষ্টি বিজ্ঞানে গবেষণাসহ উচ্চতর প্রশিক্ষণ ও ডক্টরেট করা রিনির জীবনের লক্ষ্য।



## রাজশাহী বোর্ডে মেয়েদের মধ্যে প্রথম লুসি

( ইত্তেফাক রিপোর্ট )

আইরিন বানু লুসি এইবার রাজশাহী বোর্ডের এইচ, এস,সি পরীক্ষায় মেয়েদের মধ্যে প্রথম এবং সম্মিলিত মেধা তালিকায় ৬ষ্ঠ স্থান অধিকার করিয়াছে। রাজশাহী সরকারী কলেজের ছাত্রী লুসি '৮২ সালের এস এস সি পরীক্ষায় মেয়েদের মধ্যে তৃতীয় স্থান অধিকার করিয়াছিল। সে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ফলিত রসায়নের প্রফেসর ডঃ নূরুল ইসলাম ও মিসেস জমিলা ইসলামের কন্যা। লুসি রাজশাহী রেডিওর একজন সঙ্গীত শিল্পী এবং জীবনের লক্ষ্য বিজ্ঞানী হওয়া।

রোমান পোলানস্কি_ঢাকায়